



রাজধানীতে ফার্মেসিতে প্রকাশ্যে অস্ত্র ঠেকিয়ে চাঁদাবাজি, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল



সংগৃহীত ছবি

ঢাকার মহাখালী টিবি গেট এলাকার একটি ফার্মেসিতে প্রকাশ্যে আগ্নেয়াস্ত্র দেখিয়ে চাঁদাবাজির ঘটনা ঘটেছে। ঘটনাটির ভিডিও দুই দিন পর সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। তবে ভুক্তভোগী অভিযোগ না করায় পুলিশ এখনো আনুষ্ঠানিকভাবে কোনো ব্যবস্থা নেয়নি।

রাজধানীর বনানীর মহাখালী টিবি গেট এলাকায় অবস্থিত চাঁদপুর ফার্মেসিতে প্রকাশ্যে অস্ত্র ঠেকিয়ে চাঁদাবাজির ঘটনা ঘটেছে। বিষয়টি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিডিও ভাইরাল হওয়ার পর জানাজানি হয়।

ভিডিওতে দেখা যায়, দিনের আলোতে ফার্মেসির ভেতরে তিনজন কর্মচারী কাজ করছিলেন এবং বাইরে কয়েকজন ক্রেতা দাঁড়িয়ে ছিলেন। হঠাৎ কালো গোল্টি পরা এক ব্যক্তি দোকানে প্রবেশ করে বিক্রেতাদের ডাকতে থাকেন। তারা সাড়া না দিলে তিনি কোমর থেকে পিস্তল বের করে বিক্রেতাদের দিকে তাক করেন এবং ভয়ভীতি প্রদর্শন করেন। একপর্যায়ে দোকান থেকে ১০ হাজার টাকা নিয়ে চলে যান।

বনানী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাসেল সারোয়ার জানিয়েছেন, ভিডিওটি দুই দিন আগে ঘটনার হলেও ভুক্তভোগী কোনো অভিযোগ করেননি। এজন্য এ বিষয়ে পুলিশের পক্ষ থেকে আনুষ্ঠানিক মন্তব্য বা ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়নি।